ঢাকা ওয়াসা

বিষয়ঃ **Mass Cleaning of sewer line & manhole at Bonogram Lane, Rangkin Street and KM Das Lane area under MODS Zone-1, Dhaka WASA. (Phase-1,Group-02)** কাজের <u>প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।</u>

১। ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
২। পিপিআর-২০০৮ ফোর্স একাউন্ট কপি।
৩। মাস ক্লিনিং কাজের জন্য গঠিত কমিটির সুপারিশকৃত দরের কপি।
৪। কাজের তালিকা।
৫। প্রস্তাবিত কাজের সিস্টেম ম্যাপ।
৬। প্রাক্কলন।

০১। ঢাকা ওয়াসার অধীন মডস জোন-১, ঢাকা শহরের বিস্তীর্ন এবং গুরুত্বপূর্ণ এলাকায় পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন সেবা প্রদান করে থাকে। অত্র জোনের অধীনে গেন্ডারিয়া, ফরিদাবাদ, ঢালকানগর, সূত্রাপুর, নারিন্দা, বনগ্রাম, নবাবপুর, ওয়ারী, গোয়ালঘাট, লক্ষীবাজার, ধোলাইখাল, ফরাশগঞ্জ, স্বামিবাগ, কেএমদাস লেন, গোপীবাগ, মুগদা, বাসাবো, কমলাপুর, আহম্মদবাগ, কমলাপুর এবং মতিঝিল এলাকাসহ অন্যান্য এলাকায় বিভিন্ন ব্যাসের প্রায় সর্বমোট ২৯২ কিঃমিঃ দীর্ঘ পয়ঃলাইন বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা সংশ্লিষ্ট এলাকার গ্রাহকগণের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সেবা প্রদানের মাধ্যমে ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। অত্র জোনের আওতাধীন পয়ঃলাইন সমূহ দীর্ঘ দিনের পুরাতন এবং জরাজীর্ণ অবস্থায় আছে। ফলে বিভিন্ন এলাকা হতে প্রায়ই সুয়্যার ওভার-ফ্লো এর অভিযোগ আসে। এতে গ্রাহক অসন্তুষ্টিসহ পরিবেশ দূষিত হওয়ার পাশাপাশি মারাত্মক জনস্বাস্থ্য বিঘ্নিত হবার সম্ভাবনা তৈরী হয়। অত্র জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় সঠিক পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষন রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে আসন্ন বর্ষা মৌসুমের পূর্বেই জরুরী ভিত্তিতে সুয়্যার লাইন ও ম্যানহোল মাস্ ক্লিনিং কাজ করা প্রয়োজন।

০২। মডস জোন-১ এর আওতাধীন সমগ্র এলাকাকে ২১ টি ভাগে/গ্রুপে বিভক্ত করতঃ ৩(তিন) ধাপে ক্লিনিং কাজ সম্পন্ন করার উদ্যোগ নেওয়া হয়েছে (সংযুক্ত ক্রঃ নং-৪ দ্রঃ)। মাস ক্লিনিং কাজে লেবার নিয়োজিত করে বিদ্যমান পয়ঃ লাইন ও ম্যানহোল হতে স্লাজ উত্তোলন করা হবে। পরবর্তিতে ট্রাক ও ভ্যান গাড়ীর মাধ্যমে স্লাজ অপসারন করা হবে। এখানে উল্লেখ্য যে, স্লাজ উত্তোলন কাজে বিভাগীয় ভাবে স্লাজ ডি-ওয়াটারিং পাম্প ব্যবহার করা হবে। বিষয়ভুক্ত স্লাজ উত্তোলন কাজটি ধাপ-০১ এর ক্রঃ নং-০২ এ অন্তর্ভুক্ত রয়েছে । আলোচ্য কাজের আওতাধীন ৪০০ মিঃমিঃ ব্যাসের ১.৫ কিলোমিটার এবং ৩০০ মিঃমিঃ ব্যাসের ১.০১ কিলোমিটার, ২২৫ মিঃমিঃ ব্যাসের ০.৭৫ এবং ২০০ মিঃমিঃ ব্যাসের ১.৬৫ অর্থাৎ মোট ৪.৯১ কিঃমিঃ পয়ঃ লাইনে মাস ক্লিনিং এর কাজ করা হবে। ঢাকা ওয়াসার গঠনকৃত টাস্কফোর্স টীম-৩ কর্তৃক বর্ণিত মাস ক্লিনিং কাজটি মনিটরিং করা হবে।

০৩। অত্র জোনের আওতাধীন Bonogram Lane, Rangkin Street and KM Das Lane এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন ও ম্যানহোল হতে স্লাজ উত্তোলন কাজে প্রয়োজনীয় শ্রমিক নিয়োজিত করার জন্য অনুমোদিত দর (ক্রঃ নং-৩ দ্রঃ) অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে । যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৳ ২,৮৮,০০০/- (দুই লক্ষ আটাশি হাজার) টাকা মাত্র (সংযুক্ত ক্রঃ নং-৫ দ্রঃ)। কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৮২(১) (Force Account) অনুসরনে বাস্তবায়ন করা যেতে পারে। উক্ত কাজ শেষে ব্যয়কৃত টাকা অনুমোদিত ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। কাজের ব্যয়ভার অত্র মডস জোনের ২০২৪-২৫ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ (বাজেট কোড নং-০১-০৪-০০২) খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং-Q২(১২) (ক্রঃ নং-০১ দ্রঃ) হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজের আর্থিক ও প্রশাসনিক অনুমোদন ক্ষমতা "ব্যবস্থাপনা পরিচালক" মহোদয়ের আওতাধীন।

০৪। এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে জরুরী ভিত্তিতে, জনস্বার্থে ও ঢাকা ওয়াসা এর সুনাম রক্ষার্থে এবং সুষ্ঠু পয়ঃ নিষ্কাশনের নিমিত্তে **Mass Cleaning of sewer line & manhole at Bonogram Lane, Rangkin Street**

CamScanner

and KM Das Lane area under MODS Zone-1, Dhaka WASA. (Phase-1,Group-02) শীর্ষক কাজটি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উল্লিখিত মাস ক্লিনিং কাজটি সম্পাদনের জন্য সর্বমোট ৳ ২,৮৮,০০০/- (দুই লক্ষ আটাশি হাজার) টাকার প্রাক্কলনটি অনুমোদন;

খ) আলোচ্য কাজটি পিপিআর ২০০৮ এর বিধি ৮২(১) অনুযায়ী ফোর্স একাউন্ট অনুসারে বাস্তবায়নের অনুমোদন এবং ;

গ) আলোচ্য কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৪-২৫ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার "পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ"(বাজেট কোড নং-০১-০৪-০০২) খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং-Q২(১২) হতে নির্বাহ করার অনুমোদন।

উপস্থাপিত প্রস্তাব সমূহ "ব্যবস্থাপনা পরিচালক " মহোদয়ের কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

তাপস সাহা
উপ-সহকারী প্রকৌশলী
মড্স জোন-১
ঢাকা ওয়াসা।

মোঃ মেহেদী হাসান
সহকারী প্রকৌশলী
মড্স জোন-১, ঢাকা ওয়াসা।

মোঃ আনোয়ার হোসেন
নির্বাহী প্রকৌশলী
মড্স জোন-১
ঢাকা ওয়াসা

৫। স্মারক নং- ৪৬.১১৩.২০৮.০০.০১৩.১৪৬.২০১৩-৩৭২২, তাং- ০৭.১০.২০২৪ইং মূলে গঠিত টাস্কফোর্স এর পর্যবেক্ষণ ও সুপারিশের ভিত্তিতে কাজটি বাস্তবায়নের শর্তে অনুচ্ছেদ-৪ এর সুপারিশ অনুমোদন করা যেতে পারে।

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-১, ঢাকা ওয়াসা।

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

Dhaka Water Supply and Sewerage Authority

Office of the Executive Engineer
MODS Zone-1, Dhaka WASA
107/1/A/1/A (4'th Floor), North Jatrabari, Dhaka.

Name of work: Mass Cleaning of sewer line & manhole at Bonogram Lane, Rangkin Street and KM Das Lane area under MODS Zone-1, Dhaka WASA. (Phase-1,Group-02).

S.L No	Description of the item	Qnty	Unit	Rate (TK)	Total Amount (TK)
1	2	3	4	5	6
1	Providing man power (daily basis) for Mass Cleaning of sewer line & manhole at Bonogram Lane, Rangkin Street and KM Das Lane area under MODS Zone-1, Dhaka WASA.				
	a) Cleaning Labaur/Cleaner	4X3X20=240 Nos	Each	1200.00	=2,88,000.00
				Total Taka=	2,88,000.00

In Word : (Two Lac Eighty Eight Thousand) Taka only.

22/01/25
S.A.E
MODS Zone-1
Dhaka WASA
তাপস সাহা
উপ-সহকারী প্রকৌশলী
মড্স জোন-১
ঢাকা ওয়াসা।

22/01/2025
AE/SDE
MODS Zone-1
Dhaka WASA
মোঃ মেহেদী হাসান
সহকারী প্রকৌশলী
মড্স জোন-১, ঢাকা ওয়াসা।

22/01/25
Executive Engineer
MODS Zone-1
Dhaka WASA
মোঃ আনোয়ার হোসেন
নির্বাহী প্রকৌশলী
মড্স জোন-১
ঢাকা ওয়াসা

CamScanner